

ফিটনেস

৩৭

## করিমগঞ্জের পল্লীতে বখাটেদের উৎপাত অনেক ছাত্রীর স্কুলে যাওয়া বন্ধ : প্রতিকার না পেয়ে অভিভাবকরা উদ্বিগ্ন

প্রতিনিধি, করিমগঞ্জ (কিশোরগঞ্জ)

বখাটেদের উদ্ভ্রাণ ও হুমকির মুখে উপজেলার সুতারপাড়া ইউনিয়নের নয়াপাড়া গ্রামের ছাত্রীরা স্কুলে যেতে পারছেন না। ইতোমধ্যে এক ছাত্রীর বাবা থানা পুলিশের শরণাপন্ন হলেও কোন

প্রতিকার মেলেনি। এ নিয়ে এলাকার সব ছাত্রী ও অভিভাবকের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

সরসামিন এলাকায় গিয়ে জানা গেছে, করিমগঞ্জ উপজেলায় সুতারপাড়া ইউনিয়নের নয়াপাড়া গ্রামের আব্দুল হুশেনের মেয়ে ন্যামতপুর উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্রী সুরমিলি আক্তার, একই গ্রামের আবু বাক্তারের মেয়ে একই শ্রেণীর জকিনা আক্তার ও গোপাল মিয়া'র মেয়ে আইরিন আক্তারকে স্কুলে যাওয়া-আনার পথে বখাটে খাবি, এরশাদ, হালুদ মিয়া, রবি ও ওই বিদ্যালয়ের ৭২ শ্রেণীর ছাত্র মঞ্জু মিয়া উদ্ভ্রাণ করে আসছে। বখাটেদের অভিভাবকদের কাছে ছাত্রীদের অভিভাবকরা এ ঘটনা জানালেও কোন প্রতিকার মেলেনি। উল্টো বখাটেরা তিক্ত হয়ে গত ২৩ ফেব্রুয়ারি রাতে এক ছাত্রীর বাবার বসতঘরের বারান্দায় গরুর কতলাসহ ১টি চিঠি রেখে যায়। হাতের লেখা এ চিঠিতে লেখা রয়েছে 'এই গরুর কতলা দেখে যদি গালাগালি করস তা হলে তোর মেয়েকে স্কুলে যাওয়ার পথে ধর্ষণ করব- ইতি আমরা নারী ধর্ষণকারী।'

এ চিঠি পাওয়ার পর থেকে গ্রামের স্কুলছাত্রীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। অনেক অভিভাবক ছাত্রীদের স্কুলে আনা-নেয়া করছেন। এদিকে ছাত্রী উদ্ভ্রাণকারীরা এলাকার প্রভাবশালী ১৩য় বিদ্যালয়ের শিক্ষক ও পরিচালনা কমিটির কাছেই সুবিচার চেয়ে কার্য হয়ে এক ছাত্রীর অভিভাবক করিমগঞ্জ থানায় একটি অভিযোগ করেছেন। করিমগঞ্জ থানার এসআই সবিবুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করে ঘটনার সত্যতা পেলেও এ রিপোর্ট লেখা পর্যন্ত বখাটেদের বিরুদ্ধে কোন আইনানুগ ব্যবস্থা নেয়নি। ফলে ছাত্রী অভিভাবকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।